গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
সিলেট বিভাগ, সিলেট।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট বিভাগ, সিলেটের বাৎসরিক পরিসংখ্যান, দেশের প্রেক্ষাপট স্টাফগণের বিধি সম্মত চাহিদা, বিগত ২০১৯-২০২০ অর্থ বছরের বিভিন্ন খাতের খরচের বিষয়ে আলোচনা, বর্তমান অর্থ বছরের চাহিদা, সকলের চলাচলে সীমাবদ্ধতা, গাড়ী/পাম্পের যত্ন, ভবনের সমস্যা ও ওয়্যারহাউজ ইন্সপেক্টরগণের আয়-ব্যয় ইত্যাদি বিষয়ে ২০/০৭/২০২০ খ্রিঃ তারিখে উপপরিচালক, সিলেটের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ-

সভাপতি : মোঃ কোবাদ আলী সরকার
উপ পরিচালক (ভারপ্রাপ্ত)
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট বিভাগ, সিলেট।

সভার তারিখ ও সময় : ২০/০৭/২০২০ খ্রিঃ ও ১০:০০ ঘটিকা।
স্থান : বিভাগীয় সম্মেলন কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট দক্ষিণ।
সভায় উপস্থিত কর্মকর্তা/কর্মচারীগণের নামের তালিকা: পরিশিষ্ট-'ক'।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলের সাথে কুশল বিনিময়ের পর ২০১৯-২০ অর্থ বছরের বাজেট বকেয়া ও ২০২০-২১ অর্থ বছরের চাহিদার উপর আলোচনা, গাড়ী/পাম্পের যত্ন, ওয়্যারহাউজ ইন্সপেক্টরদের আয়-ব্যয় এবং ইতিমধ্যে নতুন ০৪টি ফায়ার স্টেশনের অপারেশনাল কার্যক্রম শুরু হওয়ায় এ সম্পর্কে দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন। সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা স্বাপেক্ষে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রঃ নং | বিষয় | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | ২০১৯-২০ ও ২০২০-২১ অর্থ বছরের বাজেট সম্পর্কিত | ২০১৯-২০ অর্থ বছরের বিভিন্ন খাতের খরচের বিষয়ে বিস্তারিত আলোচনা ও ২০২০-২১ অর্থ বছরের খাত ওয়ারী চাহিদার বিষয়ে আলোচনা হয়।<br>উপ-সহকারী পরিচালক, মৌলভীবাজার, হবিগঞ্জ ও সুনামগঞ্জ জানান যে, মুজিব বষ উদযাপন উপলক্ষে প্রত্যেকেরেই বিল বকেয়া আছে। তবে বিশেষ করে ডিএডি, হবিগঞ্জের প্রায় ৭০,০০০/-(সত্তর হাজার) টাকা বকেয়া রয়েছে মুজিব বর্ষ উদযাপনের। এছাড়া বদলী ব্যয় খাতে সিলেট বিভাগে প্রায় ২৫,০০,০০০/- (পঁচিশ লক্ষ) টাকা বকেয়া রয়েছে। | সহকারী পরিচালক ও উপ সহকারী পরিচালক |
| ২ | গাড়ী/পাম্প মেরামত | প্রতিটি ফায়ার স্টেশনের গাড়ী-পাম্পের ব্যাপারে উপপরিচালক তার বক্তব্যে উল্লেখ করেন সকালে পিটি প্যারেড শেষে সকাল ১১.০০ পর্যন্ত স্টেশন অফিসার সয়ং নিজে উপস্থিত থেকে গাড়ী-পাম্প রক্ষণাবেক্ষণের কাজ তদারকি করবেন। | উপ সহকারী পরিচালক ও স্টেশন কর্তৃপক্ষ |
| ৩ | প্রকল্পাধীন ফায়ার স্টেশনের গাড়ী রেজিস্ট্রেশন | প্রকল্পাধীন ফায়ার স্টেশনের গাড়ী রেজিস্ট্রেশনের ব্যাপারে সংশ্লিষ্ট ডিএডিগণকে নির্দেশ প্রদান করা হয়। | উপ সহকারী পরিচালক ও স্টেশন কর্তৃপক্ষ |
| ৪. | **প্রকল্পাধীন ফায়ার স্টেশন সমূহের নির্মাণ কাজের অগ্রগতি সম্পর্কে আলোচনা।** | **প্রকল্পাধীন স্টেশন সমূহে নির্মাণ কাজের অগ্রগতি ত্বরান্বিত করণের জন্য সকল উপ-সহকারী পরিচালকগণকে নির্দেশক্রমে অনুরোধ করেন।** | সহকারী পরিচালক ও উপ সহকারী পরিচালক |
| ৫. | ওয়্যারহাউজ ইন্সপেক্টরগণ কর্তৃক বিভিন্ন প্রতিষ্ঠান পরিদর্শনে পরামর্শ প্রদান | বর্তমান অর্থ বছরে রাজস্ব আদায়ের লক্ষ্যে ওয়্যারহাউজ ইন্সপেক্টরগণ স্ব-স্ব এলাকায় বিভিন্ন প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শন জোরদার করার জন্য নির্দেশ প্রদান করা হয়। | সহকারী পরিচালক ও উপ সহকারী পরিচালক |
| ৬. | রাজস্ব আদায় | ২০১৯-২০ অর্থ বছরে ওয়্যারহাউজ খাতে অধিদপ্তর কর্তৃক ৫৫,০০,০০০/- (পচান্ন লক্ষ) টাকা রাজস্ব আদায়ের লক্ষ্যমাত্রা দেয়া হয়েছিল। কিন্তু আদায় হয়েছে মাত্র ২৪,৫০,০৬৫/- (চব্বিশ লক্ষ পঞ্চাশ হাজার পয়ষট্টি) টাকা। বর্তমান বিশ্বে মহামারী করোনাভাইরাসের কারণে রাজস্ব আদায়ে ব্যাঘাত সৃষ্টি হয়েছে মর্মে ওয়্যারহাউজ ইন্সপেক্টরগণ জানান । তবে তারা ভবিষ্যতে রাজস্ব আদায়ে আরও সচেষ্ট হবেন বলে জানিয়েছেন। | ওয়্যারহাউজ ইন্সপেক্টর |

| ক্রঃ নং | বিষয় | গৃহীত সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৭. | ফায়ার স্টেশন পরিচ্ছন্ন রাখা | ফায়ার স্টেশনসহ স্টেশনের ব্যারাক, পরিদর্শন কক্ষ, বাথরুম পরিস্কার পরিচ্ছন্ন ও পরিপাটি করে রাখতে হবে। | উপ সহকারী পরিচালক ও স্টেশন কর্তৃপক্ষ |
| ৮. | মোবাইল কোর্ট পরিচালনা/বহুতল ভবন পরিদর্শন | প্রতি জেলায় সপ্তাহে অন্তত ০১টি করে মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও অধিদপ্তরের নির্দেশনা অনুযায়ী বহুতল ভবন পরিদর্শন অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক, উপ সহকারী পরিচালক, ও ওয়্যারহাউজ ইন্সপেক্টর |
| ৯. | ফায়ার স্টেশনের তথ্যাদি। | বতমানে সিলেট বিভাগে মোট-২৬টি ফায়ার স্টেশন চালু আছে। স্ব স্ব স্টেশনের কর্মকর্তা/কর্মচারীদের নাম, পদবী, পিএন, ঠিকানা, মোবাইল নম্বরসহ পদবিন্যাস, গুগল ম্যাপ, ফায়ার স্টেশনের জমির তথ্য, গাড়ী পাম্পের তথ্য সংরক্ষণ করতে হবে। এছাড়া পুরাতন স্টেশনের বিভিন্ন মেরামতি কাজের চাহিদার প্রাক্কলন এ দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হয়। | সহকারী পরিচালক, উপ সহকারী পরিচালক, ও স্টেশন অফিসার |
| ১০ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ও জাতীয় শুদ্ধাচার কৌশল | ২০২০-২১ অর্থ বছরের চুক্তি অনুযায়ী বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বিভিন্ন সূচকের লক্ষ্যমাত্রা অর্জন এবং জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক ও উপ সহকারী পরিচালক |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করেন।

২৭/৭/২০২০

মোঃ কোবাদ আলী সরকার
উপ পরিচালক (ভারপ্রাপ্ত)
ফোন-৭২৮০৩৩।

স্মারক নং-৫৮.০৩.৬০০০.০০৩.৯৯.১২৬.১৫- ৭৫০(৪৪),

তারিখঃ ০৬ শ্রাবণ' ১৪২৭ / ২২ জুলাই' ২০২০

অনুলিপি সদয় অবগতির জন্যঃ

১। পরিচালক (প্রশাঃ ও অর্থ)/(অপাঃ ও মেইনঃ)/(পঃ উঃ প্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
২। সিনিয়র ষ্টাফ অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।

বিতরণঃ (জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে )

৩। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট।
৪। উপ-সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট/মৌলভীবাজার/হবিগঞ্জ/সুনামগঞ্জ।
৫। সিনিয়র ষ্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, সিলেট/হবিগঞ্জ।
৬। ফোরম্যান, বিভাগীয় কারিগরী কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট।
৭। ওয়্যার হাউজ ইন্সপেক্টর-১ / ২ / ৩ / ৪ / ৫ / ৬, সহকারী পরিচালকের দপ্তর, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট।
৮। সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন সিলেট/হবিগঞ্জ।
৯। স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, ................................ (সকল)।
১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিলেট।
১১। জনাব ................................., .................. ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স দপ্তর/স্টেশন, .......................।

২৭/৭/২০২০

মোঃ কোবাদ আলী সরকার
উপ পরিচালক (ভারপ্রাপ্ত)
ফোন-৭২৮০৩৩।

o/c